

# বার্ষিক প্রতিবেদন

২০২৪-২০২৫




পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি

**PETROLEUM TRANSMISSION COMPANY PLC**

(A Subsidiary of Bangladesh Petroleum Corporation)



**Head Office:**
BSC Bhaban (3rd Floor), Saltgola Road, Chattogram-4100, Bangladesh.
Phone: +88 02-333313484, E-mail: info.ptcplc@ptcplc.gov.bd
www.ptcplc.gov.bd

# "Bringing In New Dynamism In Liquid Petroleum Transportation"

PETROLEUM TRANSMISSION COMPANY PLC

(A Subsidiary of Bangladesh Petroleum Corporation)

www.ptcplc.gov.bd

# সূচি


| | | |
|---|---|---|
| ০১. | রূপকল্প, অভিলক্ষ্য ও কৌশলগত উদ্দেশ্য | ০৩ |
| ০২. | চেয়ারম্যান, বিপিসি এর বাণী | ০৫ |
| ০৩. | চেয়ারম্যান, পিটিসি পিএলসি এর বাণী | ০৬ |
| ০৪. | ব্যবস্থাপনা পরিচালক, পিটিসি পিএলসি এর বাণী | ০৭ |
| ০৫. | কোম্পানির প্রোফাইল | ০৮ |
| ০৬. | কোম্পানির ইতিহাস | ০৯ |
| ০৭. | কোম্পানির বোর্ড চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকদের ক্রমধারা | ১০ |
| ০৮. | কোম্পানির পরিচালনা পর্ষদ | ১১-১৫ |
| ০৯. | বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি | ১৬ |
| ১০. | চেয়ারম্যান ও পরিচালকদের সংক্ষিপ্ত পরিচিতি | ১৭-২৫ |
| ১১. | পরিচালকমন্ডলীর প্রতিবেদন | ২৬-৩১ |
| ১২. | কর্পোরেট ম্যানেজমেন্ট | ৩২-৩৩ |
| ১৩. | অডিটরের প্রতিবেদন ও আর্থিক বিবরণী | ৩৪-৪৯ |
| ১৪. | ফটো গ্যালারি | ৫০-৬৪ |


# CONTENTS


| | | |
|---|---|---|
| 01. | Vision, Mission & Strategic Objectives | 03 |
| 02. | Message from the Chairman of BPC | 05 |
| 03. | Message from the Chairman of PTC PLC Board | 06 |
| 04. | Message from the Managing Director of PTC PLC | 07 |
| 05. | Company Profile | 08 |
| 06. | Company's History | 09 |
| 07. | Chronology of the Board Chairmen and Managing Directors of the Company | 10 |
| 08. | Board of Directors of the Company | 11-15 |
| 09. | AGM Notice | 16 |
| 10. | Brief Profiles of the Chairman & Directors | 17-25 |
| 11. | Directors' Report | 26-31 |
| 12. | Corporate Management | 32-33 |
| 13. | Auditor's Report & Financial Statements | 34-49 |
| 14. | Photo Gallery | 50-64 |

## রূপকল্প ঃ

সুষ্ঠু ও দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে উৎপাদন ও বিপণন কোম্পানির চাহিদা কেন্দ্রগুলোতে স্বল্প সময়ে এবং স্বল্প খরচে পরিবেশবান্ধব, নিরাপদ, নির্ভরযোগ্য উপায়ে জ্বালানি তেল নিরবচ্ছিন্ন সরবরাহের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।

## অভিলক্ষ্য ঃ

অটোমেশন পদ্ধতিতে নিরাপদে ও স্বল্পসময়ে পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহণের মাধ্যমে দেশব্যপী জ্বালানি তেলের নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করণ; মানবসম্পদ উন্নয়ন; প্রতিষ্ঠানকে বাণিজ্যিক ভিত্তিতে লাভজনকভাবে পরিচালনা।

## কৌশলগত উদ্দেশ্য

- স্বল্প সময় এবং স্বল্প খরচে দেশের অভ্যন্তরে জ্বালানি তেল সঞ্চালন।
- সহজ, নিরাপদ, আধুনিক প্রযুক্তিনির্ভর পাইপলাইন সমূহের দক্ষ পরিচালনার মাধ্যমে অতি স্বল্পসময়ে এবং স্বল্পখরচে জ্বালানি তেল সরবরাহ।
- পরিবহণ খরচ ও অপচয়রোধসহ প্রতি বছর সরকারের বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।
- প্রতিষ্ঠানকে বানিজ্যিক ভিত্তিতে লাভজনকভাবে পরিচালনা করা।
- পরিবেশ দূষণ রোধে এবং দেশের পরিবহন ব্যবস্থায় উলেখযোগ্য অবদান রাখা।
- দক্ষ জনশক্তি গড়ে তোলা।

## OUR VISION

To contribute to national development by ensuring uninterrupted supply of fuel oil to the demand centers of production and marketing companies in short time and at low cost through sound and efficient management in an environmentally friendly, safe, and reliable manner.

## OUR MISSION

To ensure uninterrupted supply of fuel oil nationwide through safe and quick transportation of liquid petroleum products; to develop human resources; to operate the institution profitably on a commercial basis.

## STRATEGIC OBJECTIVE

- Transporting fuel oil within the country in short time and at low cost.
- Ensuring fuel oil supply through efficient operation of simple, safe, modern technology -based pipelines.
- Saving a huge amount of foreign exchange every year by reducing transportation costs and preventing waste.
- Operating the institution profitably on a commercial basis.
- Preventing environmental pollution and making a significant contribution to the transportation system.
- Developing a skilled workforce.



**মোঃ আমিন উল আহসান**
চেয়ারম্যান (সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

# বাণী

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর নবগঠিত অঙ্গ প্রতিষ্ঠান পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি'র ৩য় বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশনার উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। আমার বিশ্বাস, প্রতিবেদনে কোম্পানির আর্থিক অবস্থা, পরিচালন দক্ষতা ও সার্বিক কার্যক্রমের তথ্যনির্ভর পর্যালোচনা ও বিশ্লেষণ যথাযথভাবে উপস্থাপিত হয়েছে।

দেশব্যাপী নিরবচ্ছিন্ন জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি (পিটিসি পিএলসি) পাইপলাইনের মাধ্যমে জ্বালানি তেল পরিবহন করছে। নিরাপদ, আধুনিক ও প্রযুক্তিনির্ভর পাইপলাইন সমূহের দক্ষ পরিচালনার মাধ্যমে স্বল্পসময়ে এবং স্বল্পখরচে জ্বালানি তেল সরবরাহের মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ তথা অর্থনৈতিক সমৃদ্ধিতে প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা রাখি।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক স্থাপিত অত্র কোম্পানির আওতাধীন পাইপলাইন প্রকল্প সমূহের মধ্যে রয়েছে সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপলাইন, চট্টগ্রাম ঢাকা পাইপলাইন এবং ইন্ডিয়া বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন। এছাড়াও জেট এ-১ পাইপলাইন ফ্রম পিতলগঞ্জ (নিয়ার কাঞ্চন ব্রীজ) টু কুর্মিটোলা এভিয়েশন ডিপো (কেএডি) ইনক্লুডিং পাম্পিং ফ্যাসিলিটি পাইপলাইন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পসমূহ সম্পূর্ণ বাস্তবায়িত হলে দেশের জ্বালানি নিরাপত্তা আরও সুদৃঢ় হবে বলে আশা করা যাচ্ছে। আমি আশা করি, প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারী নিষ্ঠার সাথে তাদের স্ব-স্ব দায়িত্ব সঠিকভাবে পালন করে জাতির উন্নয়ন ও অগ্রগতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবেন।

আমি পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি'র ৩য় বার্ষিক সাধারণ সভার সর্বাঙ্গীন সফলতা কামনা করছি এবং সাথে সাথে এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক মোবারকবাদ জানাচ্ছি।

**মোঃ আমিন উল আহসান**



**এ টি এম ফজলুল করিম**
চেয়ারম্যান (সাবেক সচিব)
পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি

# বাণী

পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি'র পরিচালনা পর্ষদ এবং আমার নিজের পক্ষ হতে সকলকে ৩য় বার্ষিক সাধারণ সভায় স্বাগত জানাচ্ছি। এ অনুষ্ঠানের মধ্য দিয়ে আমি আপনাদের নিকট কোম্পানির ২০২৪-২৫ অর্থবছরের কোম্পনির ব্যবসায়িক সাফল্য ও ফলাফল তুলে ধরতে চাই।

বর্তমান গতিময় বিশ্বে আর্থ-সামাজিক উন্নয়নে অপরিহার্য ও অন্যতম চালিকাশক্তি হল জ্বালানি। জ্বালানি তেল খালাস ও পরিবহণের প্রথাগত প্রক্রিয়ার বিপরীতে এটিকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর সাবসিডিয়ারি প্রতিষ্ঠান পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি (পিটিসি পিএলসি) ৮ নভেম্বর ২০২২ থেকে তাদের কার্যক্রম শুরু করেছে। পিটিসি পিএলসি বাংলাদেশের জ্বালানি তেলের পাইপলাইন পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করে যাচ্ছে। কোম্পানিটি একটি সঞ্চালন পাইপলাইনের নেটওয়ার্ক তৈরি করেছে, যার মধ্যে রয়েছে সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপলাইন, চট্টগ্রাম ঢাকা পাইপলাইন, বাংলাদেশ ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাইপলাইন। এছাড়াও পিতলগঞ্জ (নিয়ার কাঞ্চন ব্রীজ) টু কুর্মিটোলা এভিয়েশন ডিপো (কেএডি) পাইপলাইন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এইসকল পাইপলাইনের মাধ্যমে পিটিসি পিএলসি দেশের জ্বালানি তেলের নিরাপদ এবং কার্যকর পরিবহণ নিশ্চিত করার পাশাপাশি পরিবহণ খরচ কমানো ও দক্ষতা বৃদ্ধির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।

জ্বালানি তেল খালাসের প্রথাগত প্রক্রিয়ার বিপরীতে একটি আধুনিক পদ্ধতি সিঙ্গেল পয়েন্ট মুরিং বা এসপিএম। যার মাধ্যমে গভীর সাগর থেকে ২২০ কিলোমিটার ডাবল পাইপলাইনের মাধ্যমে আমদানি করা জ্বালানি তেল ইস্টার্ন রিফাইনারি লিমিটেড এর স্টোরেজ পর্যন্ত কম সময়ে পরিবহণ করা সম্ভব হবে। এছাড়াও চট্টগ্রাম ঢাকা পাইপলাইনের মাধ্যমে চট্টগ্রাম থেকে আমদানিকৃত তেল অতি দ্রুততার সাথে এবং অতি অল্প খরচে ঢাকায় পৌঁছানো সম্ভব হবে। একই সাথে বাংলাদেশ ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাইপলাইন দেশের উত্তরাঞ্চলের জ্বালানি তেলের চাহিদা পূরণে অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করবে বলে আশা করা যাচ্ছে।

পরিশেষে, আমি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনকে সঠিক এবং সময়োপযোগী দিক-নির্দেশনা ও সার্বিক সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি কোম্পানির পরিচালনা পর্যদের সকল সদস্যকে ধন্যবাদ জানাতে চাই তাঁদের আন্তরিক প্রচেষ্টা ও সহযোগিতার জন্য এবং কোম্পানির ব্যবস্থাপনা টিম ও সকল কর্মকর্তা-কর্মচারীদের তাঁদের উদ্যোগ ও নিরলস পরিশ্রমের জন্য। আপনাদের সকলের সহযোগিতা ছাড়া কোম্পানির অভিষ্ঠ লক্ষ্য অর্জন সম্ভব নয়। আমি আরও ধন্যবাদ জানাতে চাই, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস, সম্মানিত নিরীক্ষকবৃন্দ, সম্মানিত গ্রাহকবৃন্দ এবং সম্মানিত ব্যবসায়ী সহযোগীমন্ডলীকে তাঁদের নিরবচ্ছিন্ন সমর্থন ও সহযোগিতার জন্য।

পরিশেষে সকলের মঙ্গল, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

**এ টি এম ফজলুল করিম**



**রায়হান আহমাদ**
ব্যবস্থাপনা পরিচালক
পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি

# বাণী

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর নবগঠিত অঙ্গ প্রতিষ্ঠান, দেশের একমাত্র জ্বালানি তেল পরিবহনকারী প্রতিষ্ঠান পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি এর ৩য় বার্ষিক সাধারণ সভার আয়োজন এবং একই সাথে কোম্পানির ২০২৪-২৫ অর্থবছরের সকল আর্থিক কার্যক্রমের বিস্তারিত তথ্য সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে পরম করুণাময় মহান আল্লাহ তা'আলার নিকট অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি'র পক্ষ হতে উপস্থিত সকলকে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি।

একটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অংশজুড়ে আছে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ। দেশের জ্বালানি তেল পরিবহনের যুগান্তকারী এক নাম "পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি"। জ্বালানি খাতকে আরও আধুনিক এবং গতিশীলকরণের লক্ষ্যে ২০২২ সালের ৮ই নভেম্বর বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক গঠিত হয় "পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি (পিটিসি পিএলসি)" - যার মাধ্যমে দেশের জ্বালানি তেলের সরবরাহে যুক্ত হয়েছে এক নতুন অধ্যায়ের। "পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি (পিটিসি পিএলসি)" এর আওতাধীন বিভিন্ন পাইপলাইনের মাধ্যমে দেশের জ্বালানি খাত আরও সমৃদ্ধ হবে বলে আশা করা যাচ্ছে।

ইতোমধ্যে পিটিসি পিএলসি কর্তৃক নিয়োগকৃত সিকিউরিটি ফার্ম 'জেএসএস সার্ভিসেস লিমিটেড' এর মাধ্যমে এসপিএম, সিডিপিল ও আইবিএফপিএল এর বিভিন্ন স্থাপনার নিরাপত্তার দায়িত্ব বুঝে নেওয়া হয়েছে। পিটিসি পিএলসি কর্তৃক নিয়োগকৃত প্রকৌশলীরা সিডিপিল ও আইবিএফপিএল এর অপারেশন কাজে যুক্ত হয়েছেন। জুন ২০২৫ হতে ইউটিলিটি বিল (পানি, বিদ্যুৎ) এবং ডিজেল জেনারেটরের জন্য ডিজেল ক্রয় সংক্রান্ত খরচ পিটিসি পিএলসি কর্তৃক পরিশোধ করা হচ্ছে। এছাড়া এসপিএম প্রকল্পের অনুকূলে গৃহীত সকল ধরণের ছাড়পত্র, সেবা ও লাইসেন্স সমূহ ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড এর নাম হতে পিটিসি পিএলসি'র নামে স্থানান্তরের প্রক্রিয়া চলমান রয়েছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক প্রদত্ত কোম্পানির পরিশোধিত মূলধনের পরিমান ১০০.০০ কোটি টাকা। কোম্পানির একমাত্র প্রধান আয়ের উৎস ট্রান্সমিশন/হুইলিং চার্জ বিপিসি কর্তৃক নির্ধারণের কাজ সম্পন্ন হয়েছে এবং প্রকল্প সমূহের আয় শুরু হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে আয়কর পরবর্তী নীট মুনাফা হিসাব করা হয়েছে ৫৬০.৮৭ লক্ষ টাকা। উল্লেখ্য ২০২২-২৩ অর্থবছরে নীট মুনাফা ছিল (২৫১.২৬) লক্ষ টাকা ঋণাত্মক। বিগত অর্থবছর অর্থাৎ ২০২৩-২৪ সালে নীট মুনাফা ছিল ২৩.৪৩ লক্ষ টাকা এবং পুঞ্জিভূত মুনাফার পরিমান (২২৭.৮৩) লক্ষ টাকা ঋণাত্মক। সে হিসেবে এই অর্থবছরে পুঞ্জিভূত মুনাফার পরিমান ৩৩৩.০৫ লক্ষ টাকা। এছাড়া, আলোচ্য অর্থবছরে সরকারি কোষাগারে ট্যাক্স বাবদ মোট প্রদান করা হবে আনুমানিক ২৬৫.৯৫ লক্ষ টাকা। অর্থবছর শেষে কোম্পানির মোট সম্পদের পরিমান দাড়ায় ১২৭.৭৫ কোটি টাকা।

পরিশেষে, আমি কোম্পানির শতভাগ শেয়ারহোল্ডার বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কে ধন্যবাদ জানাতে চাই তাঁদের সার্বিক সহযোগিতা আর সমর্থন যোগানের জন্য। আমি আরও গভীর কৃতজ্ঞতা জানাচ্ছি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর সম্মানিত চেয়ারম্যান, পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান এবং পরিচালকমন্ডলীকে তাঁদের আন্তরিক দিক- নির্দেশনা প্রদানের জন্য। কৃতজ্ঞতা জানাচ্ছি কোম্পানির নিবেদিতপ্রাণ শ্রমিক-কর্মচারী, ব্যবস্থাপনা টিম, কর্মকর্তাবৃন্দ, রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানি, নিরীক্ষকবৃন্দ এবং সর্বোপরি কোম্পানির সকল শুভানুধ্যায়ীকে তাদের আন্তরিক প্রচেষ্টা ও সহযোগিতার জন্য। আমরা আশা করি আপনাদের সকলের সমর্থন ও সহযোগীতায় ভবিষ্যতে আমাদের কোম্পানির অগ্রযাত্রা অব্যহত থাকবে।

সকলকে অসংখ্য ধন্যবাদ।
মহান আল্লাহ তা'আলা আমাদের সহায় হোন।

**রায়হান আহমাদ**

# COMPANY PROFILE

| | |
|---|---|
| Name of The Company | : Petroleum Transmission Company PLC |
| Date of Registration | : 08 November 2022 |
| Company's Status | : Public Limited Company |
| Registered Office | : Chattogram |
| Head Office | : BSC Bhaban (3rd Floor), Saltgola Road, Chattogram-4100, Bangladesh. |

| | |
|---|---|
| Supervisory Organization | : Bangladesh Petroleum Corporation (BPC) |
| Administrative Ministry | : Ministry of Power, Energy and Mineral Resources |
| Authorized Capital | : Tk. 1000.00 Crore |
| Paid up Capital | : Tk. 100.00 Crore |
| Total Number of Shares Issued | : 10.00 Crore |
| 1st Annual General Meeting | : 31 March 2024 |
| 2nd Annual General Meeting | : 10 February 2025 |
| Total Manpower | : Approved 761 (Officer: 312, Staff: 449),<br>Present Manpower: 156, (Officer: 67, Staff : 89) |

| | |
|---|---|
| Company’s Website Address | : www.ptcplc.gov.bd |
| Company’s E-mail Address | : info.ptcplc@ptcplc.gov.bd |
| Pipelines/Projects | : 1. Single Point Mooring (SPM) with Double Pipeline<br>2. Chittagong - Dhaka Pipeline (CDPL)<br>3. India - Bangladesh Friendship Pipeline (IBFPL)<br>4. Pitalganj (Near Kanchan Bridge) to Kurmitola Aviation Depot (KAD) Pipeline (Under Implementation)<br>5. MI to Shah Amanat International Airport Pipeline (Under Implementation) |
| Oil & Crude Pipeline Network | : Transmission Pipe Line : Disel 507.55 Km Crude oil 110 Km. |

# কোম্পানির ইতিহাস

## একনজরে

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ০৪-০৮-২০২২ তারিখ ২৮.০০.০০০০.০২১.৩৩.০০১.২২.৩৪৬ নং স্মারকমূলে বিপিসি'র স্থাপিতব্য পাইপলাইনসমূহের অপারেশন, রক্ষণাবেক্ষণ, সুরক্ষা ও সমন্বয়সাধনের নিমিত্ত "পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি" গঠনের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়।

সে মোতাবেক বিপিসি'র পরিচালকমন্ডলীর ৯৬৭ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ০৮-১১-২০২২ তারিখে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৬ এর অনুচ্ছেদ-১২ এর এখতিয়ারবলে "পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি" নামে নতুন কোম্পানি, যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধক কর্তৃপক্ষের দপ্তর (আরজেএসসি) হতে নিবন্ধন সম্পন্ন করা হয়, যার নিবন্ধন নং -CH 15248/2022.

# Company's History

## At a Glance

The Energy and Mineral Resources Division provided administrative approval for formation of Petroleum Transmission Company PLC for the operation, maintenance, security and coordination of the pipelines to be established by BPC vide memorandum no. 28.00.0000.021.33.001.22.346 dated 04-08-2022.

Accordingly, based on the decision of the 967th meeting of the Board of Directors of BPC, on 08-11-2022, under the jurisdiction of Article-12 of the Bangladesh Petroleum Corporation Act, 2016, a new company Petroleum Transmission Company PLC was registered with the Office of the Registrar of Joint Stock Companies and Firms (RJSC) with registration number CH- 15248/2022.

# *Chronology of the Board* Chairmen and Managing Directors *of the Company*



**ABM Azad NDC**
Chairman, PTC PLC Board.
(22-11-2022 to 14-04-2024)



**Md. Amin Ul Ahsan**
Chairman, PTC PLC Board.
(15-04-2024 to 20-10-2024)



**Md. Abdul Kayowm Sarker**
Chairman, PTC PLC Board.
(21-10-2024 to 18-03-2025)



**A T M Fazlul Karim**
Former Secretary
(19-03-2025 to Present)



Mustafa Qudrat-I-Elahi
Managing Director
(03-11-2022 to 01-03-2023)



Md. Yousuf Husain Bhuiyan
Managing Director
(02-03-2023 to 14-08-2024)



Raihan Ahmad
Managing Director, PTC PLC
(15-08-2024 to Present)

# Board Of DIRECTORS 2025-2026



**A T M Fazlul Karim**
Former Secretary
Chairman, PTC PLC Board.



**Dr. Md. Ferdous Alom**
Joint Secretary, Finance Division
Director, PTC PLC Board.



**Dr. AKM Azadur Rahman**
Joint Secretary
Director (Operations & Planning), BPC
Director, PTC PLC Board.



**Md. Oliur Rahman**
Joint Secretary
Energy and Mineral Resources Division
Director, PTC PLC Board.



**Shahina Sultana**
Secretary, BPC
Director, PTC PLC Board.



**Mustafa Qudrat-I-Elahi**
Former Managing Director
Jamuna Oil Company Ltd.
Director, PTC PLC Board.



**A. T. M. Selim**
Senior General Manager
(Accounts), BPC
Director, PTC PLC Board.



**Raihan Ahmad**
Managing Director, PTC PLC
Director, PTC PLC Board.



**Md. Mahbubur Rahman**
DGM (Admin & Finance),
Company Secretary (Additional Charge)

*Board Of*

# DIRECTORS 2024-2025



**Md. Abdul Kayowm Sarker**
Director General (Additional Secretary)
Bureau of Mineral Development (BMD)
Chairman, PTC PLC Board.



**Dr. Md. Ferdous Alom**
Joint Secretary, Finance Division
Director, PTC PLC Board.



**Anupam Barua**
Joint Secretary
Director (Operations & Planning), BPC
Director, PTC PLC Board.



**Md. Abdul Matin**
Joint Secretary
Director (Finance), BPC
Director, PTC PLC Board.



**Kabir Mahmood**
Joint Secretary
Director (Marketing), BPC
Director, PTC PLC Board.



**Md. Oliur Rahman**
Deputy Secretary (Operation-3)
Energy & Mineral Resources Division
Director, PTC PLC Board.

# Board Of DIRECTORS 2024-2025



**Shahina Sultana**
Secretary, BPC
Director, PTC PLC Board.



**Mustafa Qudrat-I-Elahi**
Managing Director
(Jamuna Oil Company Ltd.)
Director, PTC PLC Board.



**A. T. M. Selim**
Senior General Manager
(Accounts), BPC
Director, PTC PLC Board.



**Raihan Ahmad**
Managing Director, PTC PLC
Director, PTC PLC Board.



**Mohammed Nazim Uddin**
Company Secretary, PTC PLC

# Board Of
# DIRECTORS 2023-2024



**Md. Amin Ul Ahsan**
Chairman, PTC PLC Board.
Chairman (Secretary), BPC



**Dr. Md. Ferdous Alom**
Joint Secretary, Finance Division
Director, PTC PLC Board.



**Anupam Barua**
Joint Secretary
Director (Operations & Planning), BPC
Director, PTC PLC Board.



**Md. Abdul Matin**
Joint Secretary
Director (Finance), BPC
Director, PTC PLC Board.



**Kabir Mahmood**
Joint Secretary
Director (Marketing), BPC
Director, PTC PLC Board.



**Md. Oliur Rahman**
Deputy Secretary (Operation-3)
Energy & Mineral Resources Division
Director, PTC PLC Board.

# Board Of
# DIRECTORS 2023-2024



**Muhammad Ashraf Hossain**
Secretary, BPC
Director, PTC PLC Board.



**Mustafa Qudrat-I-Elahi**
General Manager
(Commercial & Operations), BPC
Director, PTC PLC Board.



**A. T. M. Selim**
General Manager
(Accounts), BPC
Director, PTC PLC Board.



**Md. Yousuf Hussain Bhuiyan**
Managing Director, PTC PLC
Director, PTC PLC Board.



**Mohammed Nazim Uddin**
Company Secretary, PTC PLC

সূত্রঃ পিটিসি-পিএলসি/এজিএম-৩/২০২৬/০১

তারিখ ঃ তারিখঃ ০১-০১-২০২৬ খ্রিঃ
১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ।

# ৩য় বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো যাচ্ছে যে, পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি-এর ৩য় বার্ষিক সাধারণ সভা আগামী ২২ জানুয়ারী ২০২৬ খ্রিঃ (০৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ) রোজ বৃহস্পতিবার সন্ধ্যা ৫.৩০ ঘটিকায় কোম্পানির ঢাকা লিয়াজোঁ অফিস এর বোর্ড সভা কক্ষ, বিটিএমসি ভবন (৪র্থ তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকায় অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্য বিষয়াদি নিম্নরূপ:**

১) ১০ ফেব্রুয়ারী ২০২৫ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত কোম্পানির ২য় বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

২) ৩০ জুন ২০২৫ খ্রিঃ সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত হিসাব এবং এর উপর কোম্পানির পরিচালকমন্ডলীর ৩য় বার্ষিক সাধারণ সভার প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;

৩) ৩০ জুন ২০২৫ খ্রিঃ সমাপ্ত অর্থ বছরের লভ্যাংশ সংক্রান্ত;

৪) পরিচালনা পর্ষদ হতে এক-তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ ও পুনঃনিয়োগ;

৫) ২০২৫-২০২৬ খ্রিঃ অর্থ বছরের জন্য বহিঃ নিরীক্ষক নিয়োগ এবং তাদের নিরীক্ষা ফি নির্ধারণ; এবং

৬) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়ে আলোচনা।

**সম্মানিত পরিচালকবৃন্দ ও শেয়ারহোল্ডারগণ'কে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।**

**পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে**

০১/০১/২৬

**(মোঃ মাহবুবুর রহমান)**
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)
এবং কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)

**দ্রষ্টব্য:**

১) কোম্পানির সদস্য রেজিস্ট্রার এবং শেয়ার হস্তান্তর বহি ০২ জানুয়ারি ২০২৬ হতে ২২ জানুয়ারী ২০২৬ (উভয় দিনসহ) পর্যন্ত বন্ধ থাকবে। উক্ত সময়ের মধ্যে শেয়ার হস্তান্তর কার্যকর হবে না।

২) সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের উপযুক্ত সদস্য তাঁর পক্ষে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। এ ধরনের প্রক্সি অবশ্যই কোম্পানির একজন শেয়ারহোল্ডার হতে হবে এবং প্রয়োজনীয় ষ্ট্যাম্প সম্বলিত প্রক্সি ফরম কোম্পানির রেজিস্ট্রার্ড অফিসে সভা অনুষ্ঠানের নির্ধারিত সময়ের ৭২ ঘণ্টা পূর্বে জমা দিতে হবে।

৩) সম্মানিত শেয়ারহোল্ডারগণ কোম্পানি সংশ্লিষ্ট কোন বিষয়ে বার্ষিক সাধারণ সভায় আলোচনা করতে আগ্রহী হলে তা সভা অনুষ্ঠানের ৫ (পাঁচ) দিন পূর্বে লিখিতভাবে কোম্পানির রেজিস্টার্ড অফিসে কোম্পানি সচিবের নিকট প্রশ্নোত্তরের সুবিধার্থে দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

# BRIEF PROFILE OF CHAIRMAN & DIRECTOR



**A T M FAZLUL KARIM**
Former Secretary
Chairman, PTC PLC Board.

A T M Fazlul Karim is a senior Bangladeshi career civil servant, accomplished administrator, and respected literary figure. He served as Secretary to the Government of Bangladesh and currently holds the position of Chairman of the Board of the Company, bringing to the role decades of experience in governance, public policy, and institutional leadership.

He joined the Bangladesh Civil Service (Administration Cadre) on 30 January 1981 after qualifying in the 1979 competitive examination. Over a distinguished career spanning more than three decades, he served with distinction in both field administration and senior policy-making positions. His field-level postings included roles as Assistant Commissioner, Upazila Nirbahi Officer, Additional District Magistrate, and other responsibilities in Cumilla, Narsingdi, Chandpur, and the Chattogram Hill Tracts, where he gained extensive grassroots administrative experience.

At the central level, He served in several key ministries and divisions, including the Ministry of Commerce, Ministry of Energy and Mineral Resources, Ministry of Housing and Public Works, and the Finance Division of the Ministry of Finance. His senior leadership roles included Joint Secretary (Expenditure Control and Inspection), Additional Secretary (Banking), Managing Director of Bangladesh Film Development Corporation (BFDC), Secretary of the Rural Development and Cooperatives Division, and Secretary of the Ministry of Information. In addition, he held various board-level and governance responsibilities in financial, cultural, and infrastructure-related institutions.

He has undertaken extensive professional training and participated in seminars and workshops both at home and abroad, supported by leading international organizations such as JICA, NORAD/PETRAD, Asian Development Bank (ADB), World Bank, IMF, UNEP, WHO, and others.

Academically, he earned both his Bachelor's and Master's degrees in Bangla Language and Literature from the University of Dhaka. Alongside his administrative career, he has been actively involved in journalism, poetry, and literary activities. His contributions to Bangla literature have been widely recognized, and he has received multiple awards for poetry, including the "Shouhardo Sotwor" honor from abroad, the Chandrabati Award, and several other prestigious literary awards from both Bangladesh and international institutions.

Born in Noakhali, Bangladesh, A T M Fazlul Karim is married and had one son who passed away on 7 Nov, 2023 and has one daughter. His blend of administrative excellence, cultural engagement, and ethical leadership continues to add significant value to the Company's governance and strategic direction.



**DR. MD. FERDOUS ALOM**
Joint Secretary, Finance Division
Director, PTC PLC Board

Dr. Md. Fardous Alom is a Joint Secretary in the Government of Bangladesh, currently serving in the Finance Division of the Ministry of Finance. He is a member of the 20th batch of the Bangladesh Civil Service (Administration) and has held various positions across field administration and several ministries, including the Ministry of Commerce, Power Division, Ministry of Public Administration, Ministry of Civil Aviation, Rural Development and Cooperative Division, Local Government Division, and Finance Division.

In addition to his administrative roles, Dr. Alom has an extensive academic background. He taught economics at Lincoln University in New Zealand for two years and at the International Islamic University in Malaysia for three years. He continues to teach a wide range of subjects at different universities, including Microeconomics, Macroeconomics, Development Economics, Applied Economics, Managerial Economics, Mathematical Economics, Business Statistics, Business Mathematics, Financial Economics, International Finance, Public Finance, and Econometrics.

Dr. Alom earned his Ph.D. in Economics from Lincoln University, New Zealand, and an MBA in International Business from Ajou University in the Republic of Korea, where he achieved a perfect GPA. He also holds first-class honors and master's degrees in Economics from the University of Dhaka.

Throughout his career, Dr. Alom has received numerous awards and scholarships, including the Finance Division's Innovation Award in 2020, Lincoln University Research Writing Scholarship in 2012, and the New Zealand Association of Economists' Education Trust Award in 2011. He was also honored with the Venture Out Award from Powerhouse Venture Ltd in 2010 and the New Zealand Government Doctoral Scholarship from 2009 to 2012. Additionally, he received the KOICA MBA Scholarship from 2005 to 2007 and the Ajou University Presidential Award for being the top-ranked student in his MBA program, along with distinctions in his higher secondary, bachelor's, and master's degree exams.

His research interests include Energy Economics, Open Economy Macroeconomics, Time Series Econometrics, and Applied Economics. He published more than twenty articles in international reputed peer reviewed journals. He conducts training sessions on various topics, such as Sustainable Development Goals (SDGs), Financial Literacy, the nexus between Financial Development and Economic Growth, Fundamentals of Micro and Macroeconomics, Statistical Methods, Integrity, Annual Performance Appraisal, Fiscal and Monetary Policies, and National Income Accounts.



**DR. AKM AZADUR RAHMAN**
Ph.D. in Drug Discovery of Cancer
Kings College London, UK
Director (Operation and Planning), BPC
Joint Secretary and Director of Board, POCL and PTC PLC

On March 2, 2025, Dr. AKM Azadur Rahman, Joint Secretary of the People's Republic of Bangladesh , joined Bangladesh Petroleum Corporations (BPC) as Director (Operation and planning) under the Mineral Resources Division of Ministry of Power, Energy and Mineral Resources. Dr. Rahman is a member of the Bangladesh Civil Service's 21st batch of Administration Cadre.

He earned his B.Sc. (Hons) and M.Sc. (Thesis) degree from the Department of Biochemistry and Molecular Biology from the University of Dhaka, Bangladesh. He has completed Ph.D. course on Drug discovery of Cancer from the department of pharmacology from Kings Colleges London, London, United Kingdom (UK) and awarded with this degree in December 2016. Over the years, he extensively participated in various training programs- both at home and abroad as well.

Dr. Rahman's career began in 2003 when he joined the district administration of Meherpur as an assistant Commissioner. Subsequently his role as Senior Assistant Secretary and Upazila Nirbahi Officer (UNO) in Birol, Dijanpur and Mujibnagar Upazila, Mehepur. He also serves in different capacities and positions of Local Govt. and Local Administration. He works at deputy Director of Local Govt. for few years and Deputy Secretary in Ministry of Shipping and Ministry of Labor and employment as well. He serves as Member (Eng) of BIWTA and member (Finance) of (BREB). Before joining BPC, he was the Director General (DG) of Bangladesh Reference Institute for Chemical Measurement (BRICM).



**MD. OLIUR RAHMAN**
Joint Secretary (Administration)
Energy and Mineral Resources Division
Director, PTC PLC Board.

Mr. Md. Oliur Rahman, Deputy Secretary, is currently working at Energy and Mineral Resources Division under the Ministry of power, Energy and Mineral resources. He joined in Bangladesh Civil Service in 2005 as a member of 24th BCS (administration) Cadre. He served in different capacities of government like Assistant Commissioner, Assistant commissioner (Land), Upazila Nirbahi Officer (UNO), Senior Assistant Secretary, Deputy Director Local Government (DDLG), Deputy Secretary and Deputy Commissioner (DC) as well.

Mr. Rahman obtained B.A(Hons.) and Masters degree in Philosophy from the University of Chittagong. Afterwards, he achieved M.A (Governance & Development) and Masters in Disaster Management (MDM) also. He participated in different trainings and workshops in Australia, Canada, Singapore, Malaysia, Vietnam and India.

Mr. Rahman was born in Barguna. He is happily married and blessed with 2 (two) daughters.



**SHAHINA SULTANA**
Secretary, BPC
Director, PTC PLC Board

Mrs. Shahina Sultana, Deputy Secretary to the People's Republic of Bangladesh is currently serving as secretary in Bangladesh Petroleum Corporation. She belongs to BCS 28th (Administration) Batch. She started her carrier as a Civil Servant of Bangladesh and served in different capacities such as Assistant Chief, Senior Assistant Secretary, Upazila Nirbahi Officer, Deputy Director of Bangladesh Public Service Commission and Deputy Director of Local Government.

She graduated from Bangladesh Agricultural University. She also did her second Masters of Science in Project Management from Cuntin University, Australia.

In her personal Life, she is married & blessed with one daughter and one son.



**MUSTAFA QUDRAT-I-ELAHI**
Former Managing Director
(Jamuna Oil Company Ltd.)
Director, PTC PLC Board

Mr. Mustafa Qudrat-I-Elahi is the Ex Managing Director of Jamuna Oil Company Limited (JOCL). Prior to joining JOCL, he served as the Senior General Manager (Commercial & Operations) at Bangladesh Petroleum Corporation (BPC).

Mr. Mustafa Elahi joined BPC as an Assistant Manager in 1993. During his tenure, he held various key positions, including General Manager (Planning and Development) and General Manager (Marketing and Distribution) and other important portfolios. He represented BPC in numerous bilateral discussions and negotiations with National Oil Companies (NOCs) and International Oil Companies (IOCs) regarding the supply of petroleum products to ensure the country's energy security.

He has visited Singapore, Japan, China, Malaysia, Indonesia, Vietnam, Thailand, India, Kuwait, the UAE, Qatar, France, Germany, and Austria as a member of BPC delegations. Additionally, he has participated in various training courses both at home and abroad.

Mr. Mustafa Elahi was the founding Managing Director of Petroleum Transmission Company PLC, a subsidiary of BPC, established in 2022 for transporting petroleum products through pipelines across the country.

Currently, he serves as a Director on the Board of Directors of Petroleum Transmission Company PLC, MJL Bangladesh PLC, Omera Fuels Limited, Omera Petroleum Limited, and Omera Cylinders Limited.

Mr. Mustafa Elahi completed his Bachelor (Honours) and Master's degree in Public Administration from the University of Chittagong.



**A. T. M. SELIM**
Senior General Manager (Accounts), BPC
Director, PTC PLC Board

Mr. A.T.M. Selim, Senior General Manager (Accounts) of Bangladesh Petroleum Corporation has been a career spanning 25 years across various divisions, including Accounts, Audit, Planning & Development and Secretariat (Board, Admin, Public Relation) Division. He joined BPC in 1999 as an Assistant Manager.

He holds a Bachelor's and Master's degree in Physics from the University of Chattogram and also earned an MBA in Finance from USTC, Chattogram. Mr. Selim has actively participated in various training programs, workshops, and seminars both at home and abroad and travelled to various Countries including Japan, India, Singapore, Malaysia, the Philippines, Thailand and Saudi Arabia.

Born in Chattogram in 1968, Mr. Selim is a devoted family man, happily married, and a proud father of a son and a daughter.



**RAIHAN AHMAD**
Managing Director, PTC PLC
Director, PTC PLC Board.

Mr. Raihan Ahmad, a Chemical Engineer by profession took over the charge of Managing Director of Petroleum Transmission Company PLC on 15.08.2024. Backed by 30 years professional experience in refinery engineering the newly appointed Managing Director brings in dynamism in the management and operation of PTC PLC.

He started his career at Eastern Refinery Limited in 1994 as Engineer and after serving the organization for 30 years at different capacities he was appointed to the position of Managing Director, PTC PLC in 2024. He obtained his B.Sc. in Chemical Engineering Degree from Bangladesh University of Engineering & Technology in 1991. Later on, he completed his M.Sc. in Petroleum Engineering Degree from Norwegian University of Science & Technology, Trondheim, Norway in 2005. He is a life fellow of Bangladesh Institution of Engineers.

Raihan Ahmad hails from Jaypurhat, Bangladesh. In his personal life he is happily married and is the proud father of three daughters.

# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

## পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি (পিটিসি পিএলসি) এর ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণের উদ্দেশ্যে পরিচালকমন্ডলীর প্রতিবেদন।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ
আসসালামু আলাইকুম,

পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি এর ৩য় বার্ষিক সাধারণ সভায় কোম্পানির ৩০শে জুন, ২০২৫ তারিখে সমাপ্ত অর্থ বছরে কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আপনাদের নিকট উপস্থাপন করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। এখন আমি কোম্পানির ২০২৪-২০২৫ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী, লাভ-লোকসানের হিসাব এবং নিরীক্ষকদের প্রতিবেদন সম্বলিত সার্বিক কার্যক্রম সম্পর্কে পরিচালকমন্ডলীর প্রতিবেদন আপনাদের বিবেচনা ও অনুমোদনের উদ্দেশ্যে উপস্থাপন করছি।

## কোম্পানি গঠনের ইতিহাসঃ

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ০৪-০৮-২০২২ তারিখ ২৮.০০.০০০০.০২১.৩৩.০০১.২২.৩৪৬ নং স্মারকমূলে বিপিসি'র স্থাপিত পাইপলাইনসমূহের অপারেশন, রক্ষণাবেক্ষণ, সুরক্ষা ও সমন্বয়সাধনের নিমিত্ত "পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি" গঠনের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। সে মোতাবেক বিপিসি'র পরিচালকমন্ডলীর ৯৬৭ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ০৮-১১-২০২২ তারিখে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৬ এর অনুচ্ছেদ-১২ এর এখতিয়ারবলে "পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি" নামে নতুন কোম্পানি, যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধক কর্তৃপক্ষের দপ্তর আরজেএসসি হতে নিবন্ধন সম্পন্ন করা হয়, যার নিবন্ধন নং- CH- 15248/2022.

## কোম্পানির ব্যবস্থাপনা পরিচালনা কার্যক্রমঃ

পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি গঠনের পর ০৩-১১-২০২২ তারিখে বিপিসি'র ঊর্ধ্বতন মহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন) জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী কে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) প্রদান করা হয়। পরবর্তীতে গত ০২-০৩-২০২৩ইং তারিখে বিপিসি'র ঊর্ধ্বতন মহাব্যবস্থাপক (নিরীক্ষা) জনাব মোঃ ইউসুফ হোসেন ভূঁইয়া-কে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে "পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি" এর ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) পদে নিয়োগ প্রদান করা হয়। গত ০৭-০৬-২০২৩ইং তারিখে পরিচালনা পর্ষদের ২য় সভার মাধ্যমে কোম্পানির কার্যক্রম পরিপূর্ণভাবে শুরু করা হয়। দায়িতপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালকগণ দক্ষতার সহিত কোম্পানিকে এগিয়ে নিয়ে গেছেন যা প্রশংসার দাবি রাখে। বিপিসি কর্তৃক বিগত ১৫-০৮-২০২৪ ইং তারিখে ইষ্টার্ণ রিফাইনারী লিমিটেড এর মহাব্যবস্থাপক (অপারেশন ও পরিকল্পনা) জনাব রায়হান আহমাদ কে ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগ প্রদান করা হয়। চট্টগ্রাম-ঢাকা পাইপলাইন ও ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন এর কার্যক্রম ইতোমধ্যে চলমান রয়েছে। কোম্পানির অন্যান্য স্থাপনাসমূহকে দ্রুত অপারেশনাল কার্যক্রমের আওতায় আনার জন্য বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিরলস পরিশ্রম করে যাচ্ছে।

## কোম্পানির আওতাধীন বিভিন্ন স্থাপনা এবং চলমান প্রকল্পসমূহের সংক্ষিপ্ত বিবরণঃ

## সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন প্রকল্পঃ

বাংলাদেশ সরকার দেশে ক্রমবর্ধমান জ্বালানি তেলের চাহিদাপূরণ ও জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ৮২৯৮.১৮ কোটি টাকা ব্যয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) এর পক্ষে ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড (ইআরএল) এর মাধ্যমে "ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন" প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। এর মাধ্যমে আমদানিকৃত ক্রুড অয়েল এবং ডিজেল সহজে, নিরাপদে, স্বল্প খরচে এবং স্বল্পতম সময়ে মাদার ভেসেল হতে খালাসকরণ নিশ্চিত করা যাবে। ক্রুড অয়েল ও ডিজেল ট্যাংক স্থাপনের মাধ্যমে জ্বালানি তেলের মজুদ সক্ষমতা ও যোগানের নিরাপত্তা বৃদ্ধি করা যাবে।

## চট্টগ্রাম-ঢাকা পাইপলাইন প্রকল্পঃ




বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) নিজস্ব ব্যবস্থাপনায় ৩,৬৯৮ কোটি টাকা ব্যয়ে চট্টগ্রাম থেকে ঢাকা পর্যন্ত ২৪৯.৫৭ কিলোমিটার চট্টগ্রাম-ঢাকা জ্বালানি তেল পরিবহন পাইপলাইন স্থাপন করা হয়েছে। নিরাপদে এবং স্বল্পখরচ ও স্বল্পসময়ে জ্বালানি তেল পরিবহনের লক্ষ্যে চট্টগ্রাম-ঢাকা পাইপলাইন প্রকল্পটি নেয়া হয়েছে। বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ ও ৩৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড প্রকল্পটি বাস্তবায়ন করেছে। এই পাইপলাইনের মাধ্যমে রাজধানী ঢাকাসহ দেশের প্রত্যন্ত অঞ্চলে নিরাপদ জ্বালানি সরবরাহ নিশ্চিত করা যাবে। বিগত ১৬-০৮-২০২৫ খ্রিঃ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান প্রকল্পটির শুভ উদ্বোধন করেন।

## ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন প্রকল্পঃ

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র নিজস্ব অর্থায়নে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড (এমপিএল) কর্তৃক বাস্তবায়িত ৩১৩.৬৪ কোটি টাকা ব্যয়ে ভারতের নুমালীগড় রিফাইনারী লিমিটেড এর শিলিগুড়িস্থ মার্কেটিং টার্মিনাল হতে পার্বতীপুর ডিপো পর্যন্ত ১৩১.৫০ কিলোমিটার ১০ ইঞ্চি ব্যাসের পাইপলাইন স্থাপন করা হয়েছে। যার মধ্যে বাংলাদেশ অংশে ১২৬.৫০ কি.মি. ও ভারত অংশে ০৫ কি.মি.। ২০২০ সালে ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন প্রকল্পের পাইপলাইন স্থাপনের কাজ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। ভারতের রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান নুমালীগড় রিফাইনারি লিমিটেড থেকে সরাসরি পাইপলাইনের মাধ্যমে জ্বালানি তেল বর্তমানে দিনাজপুরের পার্বতীপুর তেল ডিপোতে নিয়ে আসা হচ্ছে। প্রকল্পের চুক্তি অনুযায়ী আগামী ১৫ বছর এর মধ্যে প্রথম তিন বছর দুই লাখ মেট্রিক টন, পরবর্তী তিন বছর তিন লাখ মেট্রিক টন, এরপর চার বছর পাঁচ লাখ মেট্রিক টন ও অবশিষ্ট পাঁচ বছরে ১০ লাখ মেট্রিক টন তেল সরবরাহ করবে ভারত। ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইনের কার্যক্রম ভারত থেকে বাংলাদেশে হাই-স্পিড ডিজেল পরিবহন টেকসই, নির্ভরযোগ্য, সাশ্রয়ী ও পরিবেশবান্ধব করবে। বাংলাদেশের উত্তরাঞ্চলের ১৬ জেলায় প্রাথমিকভাবে ডিজেল সরবরাহ করা হচ্ছে। এতে দেশের উত্তরাঞ্চলে জ্বালানি তেল সংকট দূরীভূত হবে বলে আশা করা যাচ্ছে। ২০২৪-২০২৫ অর্থবছরে ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইনের মাধ্যমে ১০,৯০,৬৯,৩৬১ লিটার তেল ট্রান্সমিশন করা হয়েছে।

## জেট এ-১ পাইপলাইন ফ্রম পিতলগঞ্জ (নিয়ার কাঞ্চন ব্রীজ) টু কুর্মিটোলা এভিয়েশন ডিপো (কেএডি) ইনক্লুডিং পাম্পিং ফ্যাসিলিটিঃ

বছরে ৮.৫০ লক্ষ মে. টন পরিবহন ক্ষমতাসম্পন্ন ৩৩৯.৬৩ কোটি টাকা ব্যয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর পক্ষে পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড (পিওসিএল) কর্তৃক বাস্তবায়িতব্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দেশি-বিদেশি উড়োজাহাজে জ্বালানি তেল বিদ্যমান ট্যাংকলরীযোগে পরিবহন ব্যবস্থার পরিবর্তে পাইপলাইনের মাধ্যমে পিতলগঞ্জ হতে কুর্মিটোলা এভিয়েশন ডিপো (কেএডি) পর্যন্ত প্রায় ১৫.২১ কিলোমিটার দীর্ঘ ৮ ইঞ্চি ব্যাসের জেট এ-১ পাইপ-লাইনের মাধ্যমে সহজ, নিরাপদ, নিরবচ্ছিন্নভাবে সরবরাহ করা সম্ভব হবে। প্রকল্পের আওতাধীন জেটি ও পাম্পিং ফ্যাসিলিটিজসহ ডিপো নির্মাণ কাজ চলমান রয়েছে।

## আর্থিক কার্যক্রমঃ

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক প্রদত্ত কোম্পানির পরিশোধিত মূলধনের পরিমান ১০০.০০ কোটি টাকা। কোম্পানির একমাত্র প্রধান আয়ের উৎস ট্রান্সমিশন/হুইলিং চার্জ বিপিসি কর্তৃক নির্ধারণের কাজ সম্পন্ন হয়েছে এবং কোম্পানির আয় শুরু হয়েছে। এছাড়া এসপিএম ও সিডিপিএল প্রকল্পসমূহের বাণিজ্যিক কার্যক্রম শুরু না হওয়ায় প্রতিষ্ঠানের আয় আশানুরূপ বৃদ্ধি করা সম্ভবপর হচ্ছে না। ২০২৫-২০২৬ অর্থবছরে এসপিএম ও সিডিপিএল প্রকল্পসমূহের বাণিজ্যিক কার্যক্রম শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

২০২৪-২০২৫ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে, আশা করি সকলে তা অবলোকন করেছেন। সম্মানিত শেয়ারহোল্ডারগণের সদয় অবলোকনের জন্য আর্থিক কার্যক্রমের খাতওয়ারী বিবরণ সংক্ষিপ্তাকারে নিম্নে উপস্থাপন করা হলো।

**২০২৪-২৫ সমাপ্ত অর্থ বছরের বার্ষিক চূড়ান্ত হিসাব / আর্থিক বিবরণী সারসংক্ষেপ নিম্নরূপঃ**
**আয়-ব্যয় বিবরণীঃ (কোম্পানির আর্থিক বিবরণী ২০২৪-২৫ )।**

| ক্র: নং | বিবরণ | ২০২৪-২০২৫ | ২০২৩-২৪ | ২০২২-২৩ |
|---|---|---|---|---|
| | | লক্ষ টাকা | লক্ষ টাকা | লক্ষ টাকা |
| ১. | পরিচালন আয় | ৭৯৪.১৩ | ০.০০ | ০.০০ |
| ২. | অপরিচালন আয় | ১০৩৬.১১ | ৩৯১.৮০ | ৬.২৫ |
| ৩. | মোট আয় | ১৮৩০.২৪ | ৩৯১.৮০ | ৬.২৫ |
| ৪. | পরিচালন ব্যয় | ১০০৩.৪২ | ২৭০.৪২ | ২৫৫.৬৩ |
| ৫. | করপূর্ব নীট মুনাফা | ৮২৬.৮২ | ১২১.৩৮ | (২৪৯.৩৮) |
| ৬. | আয়কর | ২৬৫.৯৫ | ৯৭.৯৫ | ১.৮৮ |
| ৭. | কর পরবর্তী নীট মুনাফা | ৫৬০.৮৭ | ২৩.৪৩ | (২৫১.২৬) |

২০২৪-২৫ অর্থবছরে আয়কর পরবর্তী নীট মুনাফা হিসাব করা হয়েছে ৫৬০.৮৭ লক্ষ টাকা। উল্লেখ্য ২০২২-২৩ অর্থবছরে নীট মুনাফা ছিল (২৫১.২৬) লক্ষ টাকা ঋণাত্মক। বিগত অর্থবছর অর্থাৎ ২০২৩-২৪ সালে নীট মুনাফা ছিল ২৩.৪৩ লক্ষ টাকা এবং পুঞ্জিভূত মুনাফার পরিমান (২২৭.৮৩) লক্ষ টাকা ঋণাত্মক। সে হিসেবে এই অর্থবছরে পুঞ্জিভূত মুনাফার পরিমান ৩৩৩.০৫ লক্ষ টাকা। এছাড়া, আলোচ্য অর্থবছরে সরকারি কোষাগারে ট্যাক্স বাবদ মোট প্রদান করা হবে আনুমানিক ২৬৫.৯৫ লক্ষ টাকা। অর্থবছর শেষে কোম্পানির মোট সম্পদের পরিমান দাড়ায় ১২৭.৭৫ কোটি টাকা।



## লভ্যাংশ প্রদানঃ

কোম্পানির পরিচালনা পর্ষদের নিকট শেয়ারহোল্ডারদের প্রাপ্যতা সবসময় অগ্রাধিকার হিসেবে বিবেচিত হয়। ২০২৪-২৫ অর্থবছরে শেয়ারহোল্ডারদের জন্য পর্ষদ কর্তৃক শেয়ার প্রতি নগদ ০.৫% অর্থাৎ প্রতি শেয়ারে নগদ ০.০৫ টাকা লভ্যাংশ প্রদানের জন্য সুপারিশ করা হয়। পরিচালনা পর্ষদের সুপারিশকৃত লভ্যাংশ বার্ষিক ৫০.০০ লক্ষ টাকা শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টন করা হবে।

## পরিচালকবৃন্দের পালাক্রমিক নির্বাচনঃ

পরিচালক নিয়োগ, জ্যেষ্ঠতা নির্ধারণ ও অবসর গ্রহণ সংক্রান্ত বিষয়ে ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুসরণ করে পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি এর আর্টিকেলস অব অ্যাসোসিয়েশনের ১৩৬ ধারা মোতাবেক এক তৃতীয়াংশ পরিচালক, প্রতি বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। ১৩৭ ও ১৩৮ ধারা মোতাবেক জ্যেষ্ঠতার ভিত্তিতে বর্তমান পরিচালকবৃন্দের মধ্যে পরিচালনা পর্ষদের পরিচালক জনাব ড. এ কে এম আজাদুর রহমান, যুগ্ম-সচিব ও পরিচালক (অপাঃ ও পরিঃ), বিপিসি, জনাব শাহিনা সুলতানা, সচিব (উপসচিব), বিপিসি এবং জনাব এ টি এম সেলিম, উর্ধ্বতন মহাব্যবস্থাপক (হিসাব), বিপিসি অবসর গ্রহণ করবেন এবং ১৩৮ ধারা অনুযায়ী অবসরপ্রাপ্ত পরিচালকবৃন্দ এ সাধারণ সভায় পুনঃনিয়োগযোগ্য বিধায় পূনঃনিয়োগ পাবেন।

উল্লেখ্য, ১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নং ২৮.০০.০০০০.০০০.০২১.৪৪.০০০১.২৪.১৫০; তারিখ: ১৮-০৩-২০২৫ এর মাধ্যমে কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) এর পরিবর্তে জনাব এ টি এম ফজলুল করিম, (সাবেক সচিব) স্থলাভিষিক্ত হয়েছেন; এবং

২) বিপিসি'র স্মারক নং ২৮.০৩.০০০০.০০০.০০৯.০৪.০০০৪.১৮.৫৩; তারিখ: ০৬-০৪-২০২৫ এর অনুযায়ী ড. এ কে এম আজাদুর রহমান, পরিচালক (অপাঃ ও পরিঃ), বিপিসি কোম্পানির পরিচালনা পর্ষদের পরিচালক হিসাবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন । এছাড়া,

৩) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নং ২৮.০০.০০০০.০২১.৪৪.০০১.২৪.১৩৮ তারিখ: ১২-০৩-২০২৫ অনুযায়ী জনাব অনুপম বড়ুয়া, প্রাক্তন পরিচালক (অপাঃ ও পরিঃ), জনাব মোঃ আবদুল মতিন, প্রাক্তন পরিচালক (অর্থ) এবং জনাব কবীর মাহমুদ, প্রাক্তন পরিচালক (বিপণন), বিপিসি কে পরিচালনা পর্ষদের পরিচালক পদ হতে অব্যাহতি প্রদান করা হয়।

## কোম্পানির সাংগঠনিক কাঠামো, চাকুরীর প্রবিধানমালা এবং নিয়োগ ও পদোন্নতি তফশিল চূড়ান্ত করণঃ

পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি'র ২৭-০১-২০২৫ তারিখে অনুষ্ঠিত ৯ম বোর্ড সভায় ৭৬১ জন জনবল সম্বলিত সাংগঠনিক কাঠামো, তপসিল ও প্রবিধানমালা অনুমোদন করা হয় এবং ০২-০৩-২০২৫ তারিখে উক্ত সাংগঠনিক কাঠামো, তপসিল ও প্রবিধানমালা চূড়ান্ত অনুমদনের নিমিত্ত বিপিসি'কে পত্র প্রেরণ করা হলে বিপিসি সূত্রোক্ত পত্রের মাধ্যমে নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেন:

***"বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহের সাংগঠনিক কাঠামো, প্রবিধান/নীতিমালা এবং তফসিল, বিপিসি বোর্ড কর্তৃক চূড়ান্ত অনুমোদনের বিষয়টি বিপিসি ও কোম্পানিসমূহের বিদ্যমান আইন, সার্কুলার অথবা Articles of Association এ স্পষ্টভাবে উল্লেখ না থাকায় কোম্পানির Articles of Association অনুযায়ী পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।"***

পরবর্তীতে ৩০-১১-২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্দেশনায় পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানিসমূহের সাংগঠনিক কাঠামো, বেতন ভাতা, জনবল ইত্যাদি বিষয়ে পরিবর্তন, সংশোধন, পরিমার্জন এবং যে কোন ধরণের আর্থিক সুবিধা বৃদ্ধির প্রস্তাবসমূহ অনুমোদনের নিমিত্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের নির্দেশ প্রদান করা হয়। এ প্রেক্ষিতে বিগত ২৯-১২-২০২৫ তারিখে অনুষ্ঠিত পিটিসি পিএলসি'র ২২ তম বোর্ড সভায় পুনরায় প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো, তপসিল ও প্রবিধানমালাসমূহ যাচাই-বাছাই পূর্বক ৭৬১ জন জনবল সম্বলিত সাংগঠনিক কাঠামো, তপসিল ও প্রবিধানমালা অনুমোদন করা হয় এবং ০৫-০১-২০২৬ তারিখে স্মারক নং- পিটিসি-পিএলসি/২০২৬/০৮ এর মাধ্যমে চূড়ান্ত অনুমোদনের জন্য বিপিসি এর মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়।

## নিয়োগ কার্যক্রমঃ

ক) এসপিএম স্থাপনায় নিয়োগের নিমিত্ত ইস্টার্ণ রিফাইনারী লিঃ কর্তৃক বিগত ৩০-০৮-২০২২ খ্রিঃ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ২১ জন কর্মকর্তা ও ৩৯ জন কর্মচারী নিয়োগ প্রদান করা হয়।

খ) সিডিপিএল স্থাপনায় নিয়োগের নিমিত্ত পদ্মা অয়েল কোম্পানী লিঃ কর্তৃক বিগত ০৫-১০-২০২৪ ও ১৭-১০-২০২৪ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ৩৪ জন কর্মকর্তা ও ৩৩ জন কর্মচারী নিয়োগ প্রদান করা হয়।

